□ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা □ বিসিএস □ ব্যাংক পরীক্ষা
□ বিভিন্ন চাকুরীসহ যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য

ঢাবি 'খ' ইউনিট, গুচ্ছ ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে
ভর্তি পরীক্ষায় সাম্প্রতিক বিষয়ে সর্বোচ্চ প্রস্তুতির জন্য

২০২৫

বর্ষ ১৩

জোবায়ের'স সিরিজের

# সাম্প্রতিক ক্যাপসুল

৪


জোবায়ের'স সিরিজের
বিশেষ আকর্ষণ!!!
বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার্থীদের জন্য
সাধারণ জ্ঞানের চূড়ান্ত সাজেশন
ALL IN ONE
সারাদেশে পাওয়া যাচ্ছে...

গুচ্ছ ভর্তি পরীক্ষার্থীদের জন্য
HSC'র বিষয়ভিত্তিক বোর্ড
বই বিশ্লেষণে রচিত
জোবায়ের'স সিরিজের
মৌলিক GK
বইটি সারাদেশে পাওয়া যাচ্ছে...


বাংলাদেশ ও আন্তর্জাতিক


প্রকাশকাল : ১৫ জানুয়ারি, ২০২৫



রচনা ও সম্পাদনায়
জোবায়ের আহমেদ
লেখক- জোবায়ের'স GK

আলিম রাজী
বি.এস.এস (সম্মান), ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন: 01740-080432



নির্ধারিত মূল্য: ৩০/-



CS CamScanner

## সাম্প্রতিক ক্যাপসুল-৩ এর উপর ২টি ফ্রি মডেল টেস্টের ক্রেস্ট বিজয়ীরা হলেন-

| Position | Name | College |
|---|---|---|
| 1st | Mehzabin Ahmed | Holy Cross College |
| 2nd | Mehnaz Hossain Mati | Holy Cross College |
| 3rd | Masfia Rahman Diya | Govt. Sarada sundari mohila college |
| 4th | Masrur Saif | Notre Dame College |
| 5th | Abdul Aziz | Dhaka Udyan Govt College |

ক্রেস্ট বিজয়ীরা ক্রেস্ট গ্রহণের জন্য তাদের নাম ও ছবিসহ যোগাযোগ করুন- **01782-141646 (Whatsapp)**

## সাম্প্রতিক ক্যাপসুল-৩ এর

## মেগা কুইজ ও মেগা পুরস্কার বিজয়ীদের

# Congratulations!




Afrida Zeba
Sarada Sundori Mohila College Faridpur




Arif Ullah Bin Kaisar
Pashchim Gujra Munira Darussunnah Senior Madrasa

### ২য় পুরস্কার বিজয়ী



**MD Tanim Hossain**
Govt. Khan Bahadur Ahsanullah College



**Abdul Aziz**
Dhaka Udyan Govt. College, Mohammadpur



**Maliha Binta Mostafa**
Vigarunnisa Noon School and College

### ৩য় পুরস্কার বিজয়ী



**Anjuman Ara Jui**
Jobaida Rahman Mohila Degree College



**Mehedi Hasan**
Wali Newaz Khan College, Kishoreganj



**Tasmim Islam Ria**
Govt. Bangla College, Dhaka



**Sohanur Rahman Sohan**
Birshestha Noor Mohammad Public College



**Md. Nayeem Islam**
Barrister Jamir Uddin Sircar Institute

পুরস্কারপ্রাপ্তরা পুরস্কার গ্রহণ করার জন্য যোগাযোগ করুন- **01782-141646 (Whatsapp).**

# সিরিয়ার স্বৈরশাসক বাশারের পতন, বিদ্রোহের নেতৃত্বে তাহরির আল-শাম

২৭ নভেম্বর, ২০২৪ শুরু হওয়া সশস্ত্র হামলায় প্রেসিডেন্ট বাশার আল-আসাদের পতন হয় ৮ ডিসেম্বর, ২০২৪। এ হামলায় অংশগ্রহণ করে হায়া'ত তাহরির আল-শাম, ফ্রি সিরিয়ান আর্মি (তুরস্ক), সিরিয়ান ডেমোক্র্যাটিক ফোর্স (কুর্দি) সহ কয়েকটি সশস্ত্র গ্রুপ (জোটটির নাম একত্রে- মিলিটারি অপারেশন কমান্ড)। বিদ্রোহে নেতৃত্ব দেয় হায়া'ত তাহরির আল-শামের নেতা বা আমির আবু মোহাম্মদ আল-জোলানি। সিরিয়ার অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী মোহাম্মদ আল-বশির।

**বিদ্রোহের নেতৃত্বে সিরিয়া ভিত্তিক সংগঠন হায়া'ত তাহরির আল-শাম (HTS)**

- ২০১৭ সালে প্রতিষ্ঠিত হয়
- সদর দপ্তর সিরিয়ার ইদলিব গভারনোরেট-এ
- সংগঠনটির আমির আবু মোহাম্মদ আল-জোলানি
- সংগঠনটির লক্ষ্য ছিল প্রেসিডেন্ট বাশার আল-আসাদের স্বৈরাচারী শাসন থেকে সিরিয়াকে মুক্ত করা
- সিরিয়ার সরকার বাহিনীর উপর হামলা শুরু করে ২৭ নভেম্বর, ২০২৪







## আবু মোহাম্মদ আল-জোলানি

- প্রকৃত নাম- আহমেদ হুসাইন আল-শারা।
- জন্ম- রিয়াদ, সৌদি আরব।
- খলিফা হযরত উমর (রা.) এর বংশধর মনে করা হয়।

## সিরিয়ার আলোচিত শহর

- বৃহত্তম শহর ও রাজধানী- দামেস্ক; দ্বিতীয় বৃহত্তম শহর- আলেপ্পো।
- কয়েকটি গুরুত্বপূর্ণ শহর হলো- রাক্কা, হামা, দুরা-ইউরোপোস।
- সেমেটিক শহর 'পালমিরা' অবস্থিত- সিরিয়ার হোমস প্রদেশে।
- স্বৈরশাসক বাশার আল-আসাদবিরোধী অভ্যুত্থানের সূতিকাগার শহর- দারা।
- ইসরায়েল অধিকৃত 'গোলান মালভূমি' যে দেশের অংশ- সিরিয়া।
- কুখ্যাত 'সেদনায়া কারাগার' অবস্থিত- সিরিয়ায়।



সিরিয়ার পালমিরাকে বলা হয় 'তাল গাছের শহর'

## আসাদ পরিবারের ৫৪ বছরের শাসনের অবসান



হাফিজ আল-আসাদ (১৯৭১ - ২০০০ সাল)

### বাশার আল-আসাদ

- বাশার আল-আসাদের পরিচয়- চিকিৎসক ও রাজনীতিবিদ।
- যে সম্প্রদায়ে জন্মগ্রহণ করেন- আলাওতি (শিয়া)।
- রাজনৈতিক দল- বাথ পার্টি (১৯৪৭)।
- ক্ষমতায় ছিলেন- ১৭ জুলাই, ২০০০ - ৮ ডিসেম্বর, ২০২৪।
- পতনের পর রাজনৈতিক আশ্রয় লাভ করেন- রাশিয়ায়।
- তার পিতা- হাফিজ আল-আসাদ (সাবেক প্রেসিডেন্ট)।
- 'আধুনিক সিরিয়ার রূপকার' বলা হয়- হাফিজ আল-আসাদ-কে।
- হাফিজ আল-আসাদ ক্ষমতায় ছিলেন- ১৯৭১ - ২০০০ সাল পর্যন্ত।



বাশার আল-আসাদ (২০০০ - ২০২৪ সাল)

CamScanner

## চলে গেলেন প্রেম ও দ্রোহের কবি হেলাল হাফিজ

- পরিচয়- কবি ও সাংবাদিক (বাংলাদেশি আধুনিক কবি)।
- মৃত্যু- ১৩ ডিসেম্বর, ২০২৪; জন্ম- ৭ অক্টোবর, ১৯৪৮।
- সমাহিত করা হয়- শহিদ বুদ্ধিজীবী কবরস্থান, মিরপুর।
- জন্মস্থান- নেত্রকোনা জেলার আটপাড়া উপজেলার বড়তলী গ্রামে।
- পিতা- খোরশেদ আলী তালুকদার, মাতা- কোকিলা বেগম।
- শিক্ষার্থী ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের।
- সাহিত্য সম্পাদক হিসেবে কাজ করেন- 'দৈনিক পূর্বদেশ', 'দৈনিক দেশ' ও 'দৈনিক যুগান্তর' পত্রিকার।
- তাঁর কবিতাসমগ্রের নাম- এক জীবনের জন্মজখম।



**কবি হেলাল হাফিজের মতো এত কম কবিতা লিখে খ্যাতি পাওয়ার নজির বাংলাদেশের সাহিত্যে বিরল।**

### প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার

- যশোর সাহিত্য পরিষদ পুরস্কার (১৯৮৬)
- বাংলা একাডেমি পুরস্কার (২০১৩)

### কাব্যগ্রন্থ

- মাত্র ৩টি কাব্যগ্রন্থ রচনা করেন-

  **১ম-** যে জলে আগুন জ্বলে (১৯৮৬); The Tears that Blaze

  **২য়-** কবিতা একাত্তর (২০১২); Poems Seventyone

  [বাংলা ও ইংরেজি দুই ভাষাতেই প্রকাশিত কাব্যগ্রন্থ]

  **৩য় ও সর্বশেষ-** বেদনাকে বলেছি কেঁদো না (২০১৯)

### উল্লেখযোগ্য কবিতা

- অগ্ন্যুৎসব***
- অমীমাংসিত সন্ধি
- ইচ্ছে ছিলো
- একটি পতাকা পেলে***
- উপসংহার
- উৎসর্গ
- প্রস্থান
- প্রত্যাবর্তন
- ফেরীওলা
- নেত্রকোনা***
- যাতায়াত

### অমর কবিতা 'নিষিদ্ধ সম্পাদকীয়'

- ঊনসত্তরের গণঅভ্যুত্থানকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবস্থায় রচনা করেন তাঁর অমর কবিতা- নিষিদ্ধ সম্পাদকীয় (১ ফেব্রুয়ারি, ১৯৬৯)।
- কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত- যে জলে আগুন জ্বলে।
- **কবিতার প্রথম দুই বিখ্যাত পঙ্‌ক্তি-**

  "এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়
  এখন যৌবন যার যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়।"

### উল্লেখযোগ্য পঙ্‌ক্তি

- "নিউট্রন বোমা বোঝ, মানুষ বোঝ না!"
  (অশ্লীল সভ্যতা)
- "কেউ আসে রাজপথে সাজাতে সংসার"
  (নিষিদ্ধ সম্পাদকীয়)
- "...রক্তখণে স্বদেশ হলো,
  তোমার দিকে চোখ ছিল না
  জন্মভূমি সেদিন তোমার সতীন ছিলো।" (অগ্ন্যুৎসব)
- "কথা ছিলো একটি পতাকা পেলে
  আমি আর লিখবো না বেদনার অঙ্কুরিত কষ্টের কবিতা"
  (একটি পতাকা পেলে)

কবি হেলাল হাফিজ থাকতেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হলে (বর্তমানে জহুরুল হক)। ১৯৭১ সালের ২৫ মার্চের অপারেশন সার্চ লাইটের রাতে অলৌকিকভাবে বেঁচে যান তিনি। সেই রাতে ফজলুল হক হলে বন্ধুদের সাথে আড্ডা শেষ করে নিজ হলে না ফিরে সেখানেই থেকে যান। ঐ একই রাতে তাঁর নিজ হলে নৃশংস হত্যাযজ্ঞ চালায় পাকিস্তানি আর্মি। তিনি যদি হলে অবস্থান করতেন, হয়তো তিনিও হত্যাযজ্ঞের শিকার হতেন। ২৭ মার্চ কারফিউ তুলে নেওয়ার পর হলে (ইকবাল হল) ফিরে দেখেন চারদিকে হলের শিক্ষার্থী ও কর্মচারীদের লাশ আর লাশ।



কবি হেলাল হাফিজ

# চলে গেলেন যাঁরা



জিমি কার্টার

## জিমি কার্টার


- পরিচয়- ৩৯তম মার্কিন প্রেসিডেন্ট ছিলেন।
- আত্মজীবনীমূলক গ্রন্থ- White House Diary.
- ১৯৭৮ সালে মিশর ও ইসরায়েলের মধ্যে স্বাক্ষরিত ক্যাম্প ডেভিড চুক্তির মধ্যস্থতাকারী ছিলেন।
- ২০০১ সালে বাংলাদেশ সফরে এসেছিলেন।
- ২০০২ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।
- মৃত্যু- ২৯ ডিসেম্বর, ২০২৪।



মনমোহন সিং

## মনমোহন সিং

- পরিচয়- ভারতের সাবেক প্রধানমন্ত্রী, অর্থনীতিবিদ ও শিক্ষাবিদ।
- ভারতের প্রথম ও একমাত্র প্রধানমন্ত্রী, যিনি হিন্দুধর্মাবলম্বী নন।
- ভারতের প্রথম শিখ ধর্মাবলম্বী প্রধানমন্ত্রী ছিলেন।
- Economic Reforms in India এর স্থপতি বলা হয়।
- মৃত্যু- ২৬ ডিসেম্বর, ২০২৪।



আবু জাফর

## আবু জাফর

- পরিচয়- সংগীতশিল্পী, গীতিকার ও সুরকার।
- 'এই পদ্মা এই মেঘনা' বিখ্যাত গানটির গীতিকার ও সুরকার- আবু জাফর (শিল্পী- ফরিদা পারভীন)।
- ২০০৬ সালে বিবিসি বাংলার জরিপে সর্বকালের সর্বশ্রেষ্ঠ সেরা ২০ বাংলা গানের তালিকায় 'এই পদ্মা এই মেঘনা' গানটির অবস্থান ছিল- ১৭তম।
- মৃত্যু- ৬ ডিসেম্বর, ২০২৪ (জন্ম- কুষ্টিয়া জেলায়)।

# আলোচনায় দুই সীমান্ত হত্যা

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক ঘটানো দুইটি আলোচিত হত্যাকাণ্ড-



- নাম- ফেলানী খাতুন।
- হত্যা করা হয়- ৭ জানুয়ারি, ২০১১।
- যে সীমান্ত এলাকায় গুলি করে হত্যা করা হয়- কুড়িগ্রামের অনন্তপুর।



- নাম- স্বর্ণা দাস।
- হত্যা করা হয়- ১ সেপ্টেম্বর, ২০২৪।
- যে সীমান্ত এলাকায় গুলি করে হত্যা করা হয়- মৌলভীবাজারের কুলাউড়া।

***ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) থেকে দখলমুক্ত করা 'কোদলা নদী অঞ্চল' যে জেলায় অবস্থিত- ঝিনাইদহ।***

CamScanner

# ৮ম দেশ হিসেবে এলডিসি থেকে সাও টোমে এন্ড প্রিন্সেপ'র উত্তরণ

- LDC এর পূর্ণরূপ- Least Developed Countries.
- LDC হলো- স্বল্পোন্নত দেশগুলোর জন্য জাতিসংঘের গঠিত গ্রুপ।
- LDC গ্রুপ গড়ে ওঠে- ১৮ নভেম্বর, ১৯৭১।
- বর্তমানে বিশ্বে স্বল্পোন্নত দেশ (LDC) রয়েছে- ৪৪টি।
- সর্বশেষ LDC ভুক্ত দেশ- দক্ষিণ সুদান (২০১২)।
- সর্বশেষ LDC থেকে উত্তরিত দেশ- সাও টোমে এন্ড প্রিন্সেপ (২০২৪)।
- স্বল্পোন্নত দেশ (LDC) থেকে উন্নয়নশীল দেশে উত্তরিত দেশ- ৮টি।
- স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে Foreign Direct Investment প্রাপ্তিতে বাংলাদেশ- ৩য়।

**LDC থেকে উত্তরিত ৮ দেশ**

১ম- বতসোয়ানা (১৯৯৪)
২য়- কেপভার্দে (২০০৭)
৩য়- মালদ্বীপ (২০১১)
৪র্থ- সামোয়া (২০১৪)
৫ম- নিরক্ষীয় গিনি (২০১৭)
৬ষ্ঠ- ভানুয়াতু (২০২০)
৭ম- ভুটান (২০২৩)
৮ম- সাও টোমে এন্ড প্রিন্সেপ (২০২৪)

## স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশ নির্ধারণ করার ৩ ভিত্তি

১. **মাথাপিছু জাতীয় আয় (GNI)-** ৩ বছরের গড় মাথাপিছু মোট জাতীয় আয় (মানব উন্নয়ন সূচকের মৌলিক নির্দেশক)।
২. **মানবসম্পদ সূচক (HAI)-** পুষ্টি, স্বাস্থ্য, স্কুলে ভর্তি ও শিক্ষার হারের সমন্বয়ে তৈরি হয়।
৩. **অর্থনৈতিক ভঙ্গুরতা সূচক (EVI)-** প্রাকৃতিক দুর্যোগ, বাণিজ্য ও অর্থনৈতিক আঘাত, জনসংখ্যার পরিমাণ এবং বিশ্ব বাজার থেকে দেশের দূরত্বের উপর ভিত্তি করে তৈরি হয়।

| ৩ শর্ত | মানদন্ড | বাংলাদেশের অর্জন (২০১৮-২০২১-২০২৪) | | |
|---|---|---|---|---|
| ১. মাথাপিছু মোট জাতীয় আয় (GNI) | ১২৩০ ডলার | ১২৭২ | ১৮২৭ | ২৬৮৪ |
| ২. মানবসম্পদ সূচক (HAI) | ৬৬'র বেশি | ৭২.৮ | ৭৫.৩ | ৭৭.৫ |
| ৩. অর্থনৈতিক ভঙ্গুরতা সূচক (EVI) | ৩২ এর কম | ২৫.১ | ২৭.৩ | ২১.৯ |

***তিনটি শর্তের যে কোনো দুইটি শর্ত পূরণ বা মাথাপিছু আয় দ্বিগুণ হলে যে কোনো রাষ্ট্র LDC মুক্ত হতে পারবে।*

- বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়ন দেশসমূহ থেকে শুল্কমুক্ত রপ্তানি সুবিধা পাবে- ২০২৯ সাল পর্যন্ত।
- Trade Related Aspects Intellectual Property Rights (TRIPS) চুক্তির মেয়াদ বাড়ানো হয়েছে (ঔষধ শিল্পের পেটেন্ট সুবিধা)- ১ জুলাই, ২০৩৪ পর্যন্ত।

## এলডিসি থেকে বাংলাদেশের উত্তরণ প্রক্রিয়া

**এলডিসি থেকে উত্তরণ প্রক্রিয়া**

**১৯৭৫**
বাংলাদেশ স্বল্পোন্নত দেশের (LDC) তালিকায় (CDP রিপোর্ট) অন্তর্ভুক্ত হয়

**১৯৭৬**
স্বল্পোন্নত দেশের (LDC) তালিকায় বাংলাদেশের নাম গৃহীত হয়

**১৫ মার্চ, ২০১৮**
বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হবার প্রাথমিক যোগ্যতা অর্জন করে

**২৬ ফেব্রুয়ারি, ২০২১**
বাংলাদেশ, নেপাল ও লাওস স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের চূড়ান্ত সুপারিশ লাভ করে

**২৪ নভেম্বর, ২০২৬**
বাংলাদেশ, নেপাল ও লাওস LDC থেকে সম্পূর্ণ বের হবে এবং উন্নয়নশীল বা মধ্যম আয়ের দেশ হিসেবে ECOSOC হতে স্বীকৃতি পাবে

**LDC মুক্ত হলে বাংলাদেশ হারাবে ৩টি সুবিধা। যথা-**

- ➢ GSP সুবিধা
- ➢ সহজ শর্তে ঋণ সুবিধা
- ➢ কপিরাইট সুবিধা



## অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ-২০২৪ চ্যাম্পিয়ন বাংলাদেশ

- আসর- ১১তম; আয়োজক- Asian Cricket Council.
- সময়কাল- ২৯ নভেম্বর - ৮ ডিসেম্বর, ২০২৪।
- স্বাগতিক দেশ- সংযুক্ত আরব আমিরাত।
- চ্যাম্পিয়ন- বাংলাদেশ (টানা ২য় বার); রানার্সআপ- ভারত।
- টুর্নামেন্ট সেরা খেলোয়াড়- ইকবাল হোসেন ইমন (বাংলাদেশ)
- ফাইনালে ম্যাচ সেরা খেলোয়াড়- ইকবাল হোসেন ইমন (বাংলাদেশ)।
- সর্বোচ্চ উইকেট শিকারি- ইকবাল হোসেন ইমন (১৩টি)।
- বাংলাদেশের অধিনায়ক ছিল- আজিজুল হাকিম তামিম।
- টুর্নামেন্ট সেরা কোচ- নাভিদ নেওয়াজ (বাংলাদেশ)।



ফাইনালে ভারতকে ৫৯ রানে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ।

## খেলাধুলায় সর্বশেষ

- বিশ্ব ফুটবল দিবস- ২৫ মে।
- পুরুষ ও নারী ফুটবলে র‍্যাংকিং এ শীর্ষে যথাক্রমে- আর্জেন্টিনা ও যুক্তরাষ্ট্র।
- প্রথম ফুটবলার হিসেবে ৯০০ গোলের কীর্তি গড়েন- ক্রিশ্চিয়ানো রোনালদো।
- বিশ্ব দাবা চ্যাম্পিয়নশিপে কনিষ্ঠতম চ্যাম্পিয়ন- গুকেশ ডোমরাজ (ভারত)।
- ক্রিকেট খেলায় প্রথম লাল কার্ড পেয়েছিলেন- সুনীল নারাইন (ওয়েস্ট উইন্ডিজ)।
- অনূর্ধ্ব-১৯ নারী সাফ ফুটবলে সেরা খেলোয়াড় নির্বাচিত হন- সাগরিকা (বাংলাদেশ)।
- ২০২৭ সালের এশিয়া কাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে- বাংলাদেশে।
- বাংলাদেশের নারীদের প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম সেঞ্চুরিয়ান- নিগার সুলতানা জ্যোতি।
- নারী ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশের হয়ে প্রথম সেঞ্চুরি করেন- ফারজানা হক।
- প্রথম বাংলাদেশি হিসেবে ICC'র মাস সেরা নারী ক্রিকেটার নির্বাচিত হন- নাহিদা আক্তার।
- আইসিসি কর্তৃক আন্তর্জাতিক প্যানেলে ম্যাচ রেফারি মনোনীত হন যে বাংলাদেশি নারী- সুপ্রিয়া রানী দাস।
- বাংলাদেশে নারী ক্রিকেট দল ওয়ানডেতে সবচেয়ে বড় ব্যবধানে জয়লাভ করে- আয়ারল্যান্ডের বিপক্ষে (১৫৪ রানে)।
- বাংলাদেশে নারী ক্রিকেট দল ওয়ানডেতে সর্বোচ্চ রান তাড়া করে জয়লাভ করে- আয়ারল্যান্ডের বিপক্ষে (১৯৩ রান)।
- আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম বাংলাদেশি হিসেবে ছক্কার ডাবল-সেঞ্চুরি করেন- মাহমুদউল্লাহ রিয়াদ।
- বিশ্বকাপ ক্রিকেট ২০২৩-এ বাংলাদেশের যে খেলোয়াড় সর্বোচ্চ রান করেন- মাহমুদুল্লাহ রিয়াদ।
- আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম বাংলাদেশি ব্যাটসম্যান হিসেবে অবস্ট্রাকটিং দ্য ফিল্ড আউট হন যে খেলোয়াড়- মুশফিকুর রহিম।
- টি-২০ তে সর্বনিম্ন রানের রেকর্ড- আইভরিকোস্টের (নাইজেরিয়ার বিপক্ষে মাত্র ৭ রানে অলআউট হয়)।
- টি-২০ ক্রিকেটে একমাত্র খেলোয়াড় হিসেবে টানা তিন ম্যাচে সেঞ্চুরি করেন- তিলক ভার্মা (ভারত)।
- ২০২৫ সালে ভারতে অনুষ্ঠিতব্য হকি যুব বিশ্বকাপে অংশগ্রহণ করবে- বাংলাদেশের অনূর্ধ্ব-২১ হকি দল।
- বাংলাদেশের প্রথম অ্যাথলেট হিসেবে মহাদেশীয় পর্যায়ে স্বর্ণপদক লাভ করেন- ইমরানুর রহমান।
- দেশের প্রথম আন্তর্জাতিক ব্যাডমিন্টন আম্পায়ার ছিলেন- নাজিব ইসমাইল রাসেল।
- ২০২৪ সালের প্যারিস অলিম্পিকে সবচেয়ে বেশি চারটি সোনা জিতেছেন- লিঁও মারশাঁ।
- ১৭তম গ্রীষ্মকালীন প্যারালিম্পিক গেমস অনুষ্ঠিত হয়- ফ্রান্স, প্যারিস।
- প্রথম বাংলাদেশি হিসেবে Super Lightweight Division এ ABF Intercontinental এ চ্যাম্পিয়ন হয়- সুরা কৃষ্ণ চাকমা (ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র)।
- আন্তর্জাতিক বক্সিং প্রতিযোগিতা 'পাথ টু গ্লোরি হাসল ইন ঢাকা স্কয়ার'-এ ভারতীয় বক্সার সন্দীপ কুমারকে হারান- সুরা কৃষ্ণ চাকমা।



ক্রিকেটে খেলায় প্রথম লাল কার্ড পান সুনীল নারাইন।

CamScanner

## বাংলা একাডেমি সাম্মানিক ফেলোশিপ-২০২৪

বাংলা একাডেমি সাম্মানিক ফেলোশিপ-২০২৪ প্রাপ্তরা হলেন-

| নাম | বিষয় | নাম | বিষয় |
|---|---|---|---|
| জনাব মঈদুল হাসান | মুক্তিযুদ্ধ | জনাব সুগত চাকমা | ভাষা গবেষণা |
| রিচার্ড এম ইটন | ইতিহাস | জনাব শম্ভু আচার্য | শিল্পকলা |
| অধ্যাপক ডা. সায়েবা আখ্তার | চিকিৎসা বিজ্ঞান | জনাব শহিদুল আলম | শিল্পকলা |
| ড. ফেরদৌসী কাদরী | বিজ্ঞান | --- | --- |

## বেগম রোকেয়া পদক-২০২৪

- উদ্দেশ্য- নারী শিক্ষা ও নারীর ক্ষমতায়নে অসামান্য অবদান রাখা।
- প্রদান করে- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- পুরস্কার লাভ করেন- ৪ জন। তারা হলেন-
  - রাণী হামিদ (বাংলাদেশের প্রথম নারী আন্তর্জাতিক দাবা মাস্টার)।
  - পারভীন হাসান (শিক্ষাবিদ ও মানবাধিকার কর্মী)।
  - শিরিন পারভিন হক (নারী অধিকারকর্মী; নারীপক্ষের প্রতিষ্ঠাতা)।
  - তাসলিমা আখতার (শ্রম অধিকার কর্মী ও ফটোগ্রাফার)।



বিভিন্ন পর্যায়ে নারীদের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১৯৯৫ সাল থেকে এই পদক প্রদান শুরু হয়।

## রাইট লাইভলিহুড পুরস্কার-২০২৪

- পুরস্কারটি চালু হয়- ১৯৮০ সালে (সুইডেন থেকে); চালু করে- জ্যাকব ভন ইউয়েক্সকুল।
- সম্মান ও পুরস্কারের অর্থমূল্যের বিবেচনায় বিশ্বে শান্তির জন্য 'বিকল্প নোবেল পুরস্কার' হিসেবে বিবেচিত হয়।
- পুরস্কারটি সেই সব মানুষকে দেওয়া হয়, যাদের কাজ মূল নোবেল পুরস্কারের মঞ্চে উপেক্ষিত থেকে যায়।

| পুরস্কার বিজয়ী | দেশ |
|---|---|
| জোয়ান কার্লিং | ফিলিপাইন |
| ইসা আমরো ও Youth Against Settlements | ফিলিস্তিন |
| অ্যানাবেলা লেমোস এবং Justica Ambiental | মোজাম্বিক |
| Forensic Architecture | যুক্তরাজ্য |

## দ্য বেস্ট ফিফা ফুটবল অ্যাওয়ার্ডস-২০২৪

- বর্ষসেরা ফুটবলার (পুরুষ)- ভিনিসিয়াস জুনিয়র (রিয়াল মাদ্রিদ/ব্রাজিল)।
- বর্ষসেরা ফুটবলার (নারী)- আইতানা বোনমাতি (বার্সেলোনা/স্পেন)।
- বর্ষসেরা কোচ (পুরুষ)- কার্লো আনচেলত্তি (রিয়াল মাদ্রিদ/ইতালি)।
- বর্ষসেরা গোলরক্ষক (পুরুষ)- এমিলিয়ানো মার্টিনেজ (আর্জেন্টিনা)।
- বর্ষসেরা গোল (পুসকাস অ্যাওয়ার্ড)- আলেহান্দ্রো গারনাচো (আর্জেন্টিনা)।
- ফেয়ার প্লে ট্রফি- থিয়াগো মাইয়া।
- সেরা সমর্থক পুরষ্কার- গিলের্মে গানদ্রা মউরা।
- এ পর্যন্ত সর্বোচ্চবার 'দ্য বেস্ট' জয়ী- লিওনেল মেসি (৩ বার)।
- পুরষ্কারটি চালু হয়- ১৯৯১ সাল থেকে।



ভিনিসিয়াস জুনিয়র

**"সাম্প্রতিক ক্যাপসুল-৪"-এ অনাকাঙ্ক্ষিত কোনো প্রিন্টিং মিস্টেক কিংবা ভুল থাকলে সংশোধনীর আপডেট পেতে চোখ রাখুন আমাদের Zubair's GK ফেসবুক পেইজে।**

CamScanner

# বাংলার অবিসংবাদিত ৫ রাজনীতিবিদ

## যুক্তফ্রন্টের তিন নেতা

### আবুল কাশেম ফজলুল হক

- জন্ম- ২৬ অক্টোবর, ১৮৭৩; সাতুরিয়া, রাজাপুর ঝালকাঠি।
- মৃত্যু- ২৭ এপ্রিল, ১৯৬২; সমাধিস্থল- তিন নেতার মাজার।
- পৈতৃক নিবাস- চাখার, বানারীপাড়া, বরিশাল।
- পরিচিত ছিলেন- 'শেরে বাংলা' বা 'বাংলার বাঘ' নামে।
- 'শেরে বাংলা' উপাধি লাভ করেন- ১৯৪০ সালে পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের লাহোরে অনুষ্ঠিত নিখিল ভারত মুসলিম লীগের অধিবেশনে।
- অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন (১৯৩৭-৪৩)।
- উল্লেখযোগ্য কর্ম-
  - কৃষক প্রজা পার্টি গঠন (১৯৩৬)
  - ঋণসালিশী আইন প্রণয়ন
  - অবৈতনিক প্রাথমিক শিক্ষা আইন প্রণয়ন (১৯৩৮)
  - লাহোর প্রস্তাব উত্থাপন (১৯৪০)

### হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী

- জন্ম- ৮ সেপ্টেম্বর, ১৮৯২; মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।
- মৃত্যু- ৫ ডিসেম্বর, ১৯৬৩; বৈরুত, লেবানন।
- সমাধিস্থল- তিন নেতার মাজার।
- অভিহিত করা হয়- 'গণতন্ত্রের মানসপুত্র' নামে।
- অবিভক্ত বাংলার তৃতীয় মুখ্যমন্ত্রী ছিলেন (১৯৪৬-৪৭)।

### আবদুল হামিদ খান ভাসানী

- জন্ম- ১২ ডিসেম্বর, ১৮৮০; ধানগড়া, সিরাজগঞ্জ।
- মৃত্যু- ১৭ নভেম্বর, ১৯৭৬; সমাধিস্থল- সন্তোষ, টাঙ্গাইল।
- ডাকনাম- চেগা মিয়া; পরিচিত- 'মজলুম জননেতা' হিসেবে।
- অন্যনাম- লাল মওলানা, মওলানা ভাসানী।
- যে নেতার আদর্শে অনুপ্রাণিত হয়ে রাজনীতিতে যুক্ত হন- দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ।
- ভাসানী নাম দেওয়া হয়- ১৯২৯ সালে আসামের ধুবড়ী জেলার ভাসানচরে প্রথম কৃষক সম্মেলনের পর থেকে।
- প্রতিষ্ঠিত রাজনৈতিক দল- আওয়ামী মুসলিম লীগ (১৯৪৯), ন্যাশনাল আওয়ামী পার্টি (১৯৫৭)।
- ১০ এপ্রিল, ১৯৭১ গঠিত প্রথম অস্থায়ী সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের প্রধান ছিলেন।
- পশ্চিম পাকিস্তানকে বিদায় জানাতে 'আসসালামুআলাইকুম' বলেছিলেন।
- প্রকাশিত গ্রন্থ- দেশের সমস্যা ও সমাধান, মাও সে তুং- এর দেশে (ভ্রমণকাহিনী)।
- উল্লেখযোগ্য কর্ম-
  - কাগমারী সম্মেলন (১৯৫৭)
  - ঘেরাও আন্দোলন (১৯৬৮)
  - ফারাক্কা লং মার্চ (১৯৭৬)

### যোগেন্দ্রনাথ মন্ডল

- জন্ম- ১৯০৪ সালে; মৈস্তারকান্দি, বরিশাল।
- মৃত্যু- ১৯৬৮ সালে; বনগাঁ, পশ্চিমবঙ্গ।
- রাজনৈতিক দল- মুসলিম লীগ।

### আবুল হাশিম

- জন্ম- ১৯০৫ সালে; বর্ধমান, পশ্চিমবঙ্গ।
- মৃত্যু- ১৯৭৪ সালে; ঢাকায়।
- রাজনৈতিক দল- খেলাফতে রব্বানি পার্টি।



শহীদ সোহ্‌রাওয়ার্দী | ফজলুল হক | মওলানা ভাসানী | আবুল হাশিম | যোগেন্দ্রনাথ মন্ডল

## প্রেসিডেন্ট জিয়াউর রহমান

- পরিচয়- বীর মুক্তিযোদ্ধা, সেনাপ্রধান ও বাংলাদেশের ৮ম রাষ্ট্রপতি ছিলেন।
- জন্ম- ১৯ জানুয়ারি, ১৯৩৬; বগুড়া জেলার নশিপুর ইউনিয়নের বাগবাড়ী গ্রামে।
- মৃত্যু- ৩০ মে, ১৯৮১; সার্কিট হাউস, চট্টগ্রাম।
- পৈতৃক নিবাস- বগুড়া জেলার মহিষাবানে।
- রাজনৈতিক দল- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি); ১৯৭৮।
- ২০০৪ সালের বিবিসি'র সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালির জরিপে তাঁর অবস্থান- ১৯তম।
- জিয়া স্মৃতি জাদুঘর অবস্থিত- চট্টগ্রামে।
- একুশে পদক (১৯৭৬) এবং স্বাধীনতা পদক (১৯৭৭) প্রবর্তন করেন।
- সার্ক (SAARC) প্রতিষ্ঠার স্বপ্নদ্রষ্টা ছিলেন।



প্রেসিডেন্ট জিয়াউর রহমান



### মুক্তিযুদ্ধে অবদান

২৬ মার্চ, ১৯৭১ জিয়াউর রহমান চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করেন। এরপর ২৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে আবারো স্বাধীনতা ঘোষণা করেন।


**মুক্তিযুদ্ধকালীন দায়িত্বে ছিলেন**

- সেক্টর-১ এর কমান্ডার
- সেক্টর-১১ এর কমান্ডার
- জেড ফোর্সের অধিনায়ক

### প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার

- হিলাল-ই-জুরাত (১৯৬৫); ভারত-পাকিস্তান যুদ্ধে বীরত্বের জন্য পাকিস্তান সরকার কর্তৃক।
- অর্ডার অব দ্য নাইল; মিশরের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মাননা।
- হিরো অব দ্য রিপাব্লিক; উত্তর কোরিয়ার সম্মানসূচক খেতাব।
- বীর উত্তম; মুক্তিযুদ্ধে অবদানের জন্য।
- স্বাধীনতা পুরস্কার (২০০৩)
- সার্ক পুরস্কার (২০০৪); ২০০৫ সালে প্রথম সার্ক পুরস্কারে (মরণোত্তর) ভূষিত হন।


### জিয়াউর রহমানের মাজার



- স্থান- চন্দ্রিমা উদ্যান, শেরে বাংলা নগর।
- নকশাকার- মাসুদুর রহমান খান।
- চন্দ্রিমা উদ্যান অন্য যে নামে পরিচিত- জিয়া উদ্যান।

### বেগম খালেদা জিয়া

- জন্ম- ১৫ আগস্ট, ১৯৪৫; দিনাজপুর।
- পৈতৃক নিবাস- ফেনী জেলার ফুলগাজী উপজেলার শ্রীপুরে।
- ১৯৮২ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী দলে যোগ দেন।
- বাংলাদেশের ৯ম ও ১১তম প্রধানমন্ত্রী ছিলেন।
- বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী (১৯৯১)।
- 'ফাইটার ফর ডেমোক্রেসি' পদক লাভ করেন- যুক্তরাষ্ট্রের নিউ জার্সি সিনেট কর্তৃক (২০১১)।
- 'মাদার অব ডেমোক্রেসি' সম্মাননা লাভ করেন- কানাডিয়ান হিউম্যান রাইটস ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন কর্তৃক (২০১৮)।



বেগম খালেদা জিয়া ১৯৯১ সালে পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতা গ্রহণ করেন।

# আলোচনায় বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকার

একটি সরকারের কার্যকালের মেয়াদ শেষ হওয়ার সময় থেকে নতুন একটি সরকার দায়িত্ব গ্রহণের পূর্ববর্তী সময়ে রাষ্ট্রের প্রশাসন পরিচালনায় নিয়োজিত থাকে তত্ত্বাবধায়ক বা অন্তর্বর্তীকালীন সরকার। এই সরকারের মূল দায়িত্ব থাকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করা। সংসদের মেয়াদ শেষ হলে কিংবা আগাম নির্বাচনের প্রয়োজন হলে এ সরকার কার্যকর হয়।

## তত্ত্বাবধায়ক সরকার গঠন

- প্রথম তত্ত্বাবধায়ক সরকার গঠিত হয়- ৬ ডিসেম্বর, ১৯৯০।
- সাংবিধানিকভাবে প্রথম তত্ত্বাবধায়ক সরকার গঠিত হয়- ৩০ মার্চ, ১৯৯৬।
- তত্ত্বাবধায়ক সরকার সংবিধানে অন্তর্ভুক্ত হয়- চতুর্থ ভাগে '২ক পরিচ্ছেদ: নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার' নামে।
- সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার সংক্রান্ত অনুচ্ছেদ ছিল- ৫টি (৫৮ক-ঙ)।
- এ পদ্ধতি অনুসরণ করে নির্বাচন অনুষ্ঠিত হয়- ৩টি।
- তত্ত্বাবধায়ক সরকারের অধীনে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়- ৫ম জাতীয় সংসদ নির্বাচন (১৯৯১)।
- সাংবিধানিকভাবে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়- ৭ম জাতীয় সংসদ নির্বাচন।

## সংবিধানের সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকার

| বিষয় | যে সংশোধনীর মাধ্যমে | সময়কাল |
|---|---|---|
| প্রথম তত্ত্বাবধায়ক সরকারের কর্মকাণ্ড বৈধ করা হয় | একাদশ | ৬ আগস্ট, ১৯৯১ |
| তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা হয় | ত্রয়োদশ | ২৭ মার্চ, ১৯৯৬ |
| তত্ত্বাধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হয় | পঞ্চদশ | ৩০ জুন, ২০১১ |
| **হাইকোর্ট পঞ্চদশ সংশোধনী আইন সংবিধানের সাথে সাংঘর্ষিক ঘোষণা করে- ১৯ আগস্ট, ২০২৪।* | | |

## তত্ত্বাবধায়ক সরকার সম্পর্কিত অন্যান্য তথ্য

- বিগত তত্ত্বাবধায়ক সরকার যতগুলো Ordinance জারি করেছিলেন- ১২২টি।
- তত্ত্বাবধায়ক সরকার দায়ী থাকেন- রাষ্ট্রপতির নিকট।
- তত্ত্বাবধায়ক সরকারের প্রথম প্রধান উপদেষ্টা ছিলেন- বিচারপতি সাহাবুদ্দীন আহমদ (১৯৯০)।
- তত্ত্বাবধায়ক সরকারের সর্বশেষ প্রধান উপদেষ্টা ছিলেন- ড. ফখরুদ্দীন আহমদ (১২ জানুয়ারি, ২০০৭)।
- প্রথম ও বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা- ড. মুহাম্মদ ইউনূস।

## পঞ্চদশ সংশোধনী আংশিক বাতিলের ঘোষণা

- পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে যতটি ক্ষেত্রে সংযোজন, পরিমার্জন ও প্রতিস্থাপন আনা হয়েছিল- ৫৪টি।
- হাইকোর্ট পঞ্চদশ সংশোধনীকে আংশিক অবৈধ ঘোষণা করে- ১৭ ডিসেম্বর, ২০২৪।
- হাইকোর্টের রায়ের ফলে পঞ্চদশ সংশোধনীর ৫৪টি পরিবর্তনের মধ্যে বাতিল ঘোষিত হয়- ৬টি।

☐ পঞ্চদশ সংশোধনীর বাতিলকৃত আইনের ধারা ৩টি- ২০, ২১ ও ৪৭।

| ধারা | ধারা ৩টি বাতিল হওয়ায় বর্তমান ফলাফল |
|---|---|
| ২০ ও ২১ | নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার অধীনে নির্বাচন স্বীকৃত হয়, দলীয় সরকারের অধীনে সংসদ নির্বাচন বাতিল। |
| ৪৭ | বর্তমান সংবিধানের ১৪২ অনুচ্ছেদ বাতিল হয়ে দ্বাদশ সংশোধনী আইনের ১৪২ অনুচ্ছেদ (গণভোটের বিধান) পুনর্বহাল হয়। |

☐ সংবিধানের বাতিলকৃত অনুচ্ছেদ ৩টি- ৭ক, ৭খ ও ৪৪ (২)।

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৭ ক | সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ। |
| ৭ খ | সংবিধানের মৌলিক বিধানবলি সংশোধন অযোগ্য। |
| ৪৪ (২) | এই সংবিধানের ১০২নং অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটিয়ে সংসদ আইনের দ্বারা অন্য কোন আদালতকে তাঁর এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে ঐ সকল বা এর যেকোনো ক্ষমতা প্রয়োগের ক্ষমতা দান করতে পারবেন। |
| **ফলাফল-** দেশের প্রয়োজনে সংবিধানের মৌলিক বিষয় বাতিল অথবা পরিবর্তনের সুযোগ, আইন বিভাগের উপর শাসন বিভাগের কর্তৃত্ব হ্রাস পায়। | |

CamScanner

# পরবর্তী ত্রয়োদশ নির্বাচনকে কেন্দ্র করে আলোচনায় "দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা" ও "আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতি"

## বাংলাদেশের আইনসভা

- Parliament শব্দটির উৎপত্তি- Parlement থেকে (ফরাসি শব্দ)।
- বিশ্বের প্রথম পার্লামেন্ট- ব্রিটিশ আইনসভা।
- বাংলাদেশের আইনসভার নাম- জাতীয় সংসদ।
- বাংলাদেশের সংবিধানের ৬৫ নং অনুচ্ছেদে এককক্ষবিশিষ্ট জাতীয় সংসদ এর কথা বলা আছে।

### আইনসভার দুই ধরন

| এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট |
|---|---|
| যেসব আইনসভায় জনপ্রতিনিধিদের নিয়ে গঠিত একটি মাত্র কক্ষ বা পরিষদ থাকে সেগুলোকে এক-কক্ষ বিশিষ্ট আইনসভা বলে। **যেমন-** বাংলাদেশ, চীন, ইসরায়েল, তুরস্ক, আইসল্যান্ডের আইনসভা। | দ্বিকক্ষবিশিষ্ট আইনসভা মূলত দুটি পৃথক কক্ষ নিয়ে গঠিত, যেখানে 'উচ্চকক্ষ' এবং 'নিম্নকক্ষ' থাকে। এ ধরনের আইনসভায় আইন প্রণয়নে সমান ক্ষমতার ভারসাম্য (Checks & Balances) নিশ্চিত করে। **যেমন-** যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়ার আইনসভা। |

## দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভার বৈশিষ্ট্য

- দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভার নিম্নকক্ষের সদস্যরা সরাসরি নির্বাচিত হন।
- তাদের আইন প্রণয়নের ক্ষমতা থাকে।
- দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা চালু থাকলে জনগণের প্রতিনিধি (নিম্নকক্ষ) তাদের নিজদের স্বার্থে বা স্বৈরাচারী উদ্দেশ্যে ইচ্ছামতো কোনো আইন প্রণয়ন ও বাস্তবায়ন করতে পারবে না।

### নির্বাচন ব্যবস্থায় আলোচিত দুই পদ্ধতি

| আসনভিত্তিক নির্বাচন পদ্ধতি | আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতি |
|---|---|
| ■ 'আসনভিত্তিক নির্বাচন' বা First-past-the-post (FPTP) পদ্ধতিতে একটি নির্বাচনি এলাকায় প্রার্থীদের মধ্যে যিনি সর্বোচ্চ ভোট পাবেন তিনি নির্বাচিত হবেন।<br>■ এ পদ্ধতির অন্যনাম- First-preference-plurality (FPP) বা Single-member-district-plurality (SMDP).<br>■ বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচন হয় এ পদ্ধতিতে। | ■ 'আনুপাতিক প্রতিনিধিত্ব' পদ্ধতি বা Proportional Representation (PR) পদ্ধতিতে ভোটের ব্যালটে প্রার্থীর নাম থাকে না। ভোটাররা দলীয় প্রতীকে ভোট দেন। একটি দল যে পরিমাণ ভোট পাবে, সেই অনুপাতে সংসদে দলটির প্রতিনিধিত্ব নির্ধারণ হবে।<br>■ বিশ্বের ১৭০টি দেশের মধ্যে ৯১টি দেশে আনুপাতিক নির্বাচনব্যবস্থা প্রচলিত। |

## নতুন নির্বাচন কমিশন গঠন

- নির্বাচন কমিশন গঠন করার কথা বলা আছে- সংবিধানের ১১৮নং অনুচ্ছেদে।
- বর্তমান প্রধান বা ১৪তম নির্বাচন কমিশনার- এ এম এম নাসির উদ্দীন।
- বর্তমান নির্বাচন কমিশনার- ৪ জন।
- প্রথম নারী নির্বাচন কমিশনার- কবিতা খানম।
- তৃতীয় নারী নির্বাচন কমিশনার- বেগম তহমিদা আহমদ।



এ এম এম নাসির উদ্দীন

# জুলাই গণঅভ্যুত্থান সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি

## গণ-অভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল

- গঠন করা হয়- ১৭ অক্টোবর, ২০২৪।
- সেলের সদস্য সংখ্যা- ১০ জন।
- কাজ- ছাত্র-জনতার অভ্যুত্থানের ইতিহাস সংরক্ষণ, শহীদ ও আহতদের পূর্ণাঙ্গ তালিকা চূড়ান্তকরণ, আহতদের চিকিৎসা এবং তাদের পরিবারকে সহায়তা।
- ছাত্র-জনতার অভ্যুত্থানে প্রথম ধাপের তালিকায় মোট শহিদ- ৮২৬ জন (তথ্য- ১ জানুয়ারি, ২০২৫)।

*জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ, গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং আহত ছাত্র-জনতার পুনর্বাসনসহ গণঅভ্যুত্থানের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে প্রতিষ্ঠিত করতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে প্রতিষ্ঠা করা হবে 'জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর'।*

## গুম তদন্তে কমিশন

- গঠিত হয়- ১৫ সেপ্টেম্বর, ২০২৪।
- সদস্য সংখ্যা- ৫ জন।
- কমিশনের প্রধান- বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী।

## জুলাই গণহত্যা অনুসন্ধানে জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং মিশন

- ড. মুহাম্মদ ইউনূস OHCHR'র হাইকমিশনার ভলকার তুর্ককে জাতিসংঘের নেতৃত্বে fact-finding mission পাঠানোর অনুরোধ করেন- ৮ আগস্ট, ২০২৪।
- তদন্তের কার্যক্রম শুরু হয়- ১৬ সেপ্টেম্বর, ২০২৪।
- গঠিত হয়- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে ৫ জুন - ০৫ আগস্ট পর্যন্ত ২ মাসে সংঘটিত অপরাধ ও মানবাধিকার লঙ্ঘনের ঘটনা স্বাধীন, পূর্ণাঙ্গ, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত করতে।
- মহান মুক্তিযুদ্ধের পর ইতিহাসে দ্বিতীয়বারের মতো বাংলাদেশে ফ্যাক্ট ফান্ডিং মিশন পাঠায়- জাতিসংঘ।
- জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং দলের বর্তমান প্রধান- রোরি মুঙ্গভেন।



রোরি মুঙ্গভেন

### United Nations fact-finding mission

- অন্যনাম- United Nations commission of inquiry.
- কাজ- কোনো বিরোধ বা সংঘাত সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য বিষয়ে অনুসন্ধান করা, কারণ নির্ণয় করা এবং তথ্য পর্যালোচনা করে বিশদ রিপোর্ট তৈরি করা।
- প্রথম গঠিত হয়- ১৯০৭ সালে (হেগ কনভেনশনে)।

### OHCHR

- OHCHR- Office of the High Commissioner for Human Rights.
- পরিচয়- জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয়।
- গঠিত হয়- ২০ ডিসেম্বর, ১৯৯৩; সদর দপ্তর- জেনেভা, সুইজারল্যান্ড।

## "সাম্প্রতিক ক্যাপসুল-১"-এর একটি সংশোধনী

| পৃষ্ঠা | তথ্য যা ছিল | তথ্য যা হবে |
|---|---|---|
| ৬ | দ্রোহ যাত্রা কর্মসূচি ১ আগস্ট | দ্রোহ যাত্রা কর্মসূচি ২ আগস্ট |

CamScanner

## এক নজরে জুলাই গণঅভ্যুত্থান সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- চট্টগ্রামের পাঁচলাইশ এলাকার জাতিসংঘ পার্কের নতুন নাম- জুলাই স্মৃতি উদ্যান।
- ৫ আগস্টের অভ্যুত্থানকে 'মনসুন অভ্যুত্থান' আখ্যায়িত করেন- ড. মুহাম্মদ ইউনূস (২৭ সেপ্টেম্বর, ২০২৪)।
- ২০২৪ সালের কোটা সংস্কার আন্দোলনকে যে জেনারেশনের আন্দোলন বলা হয়- Generation Z.
- ২ আগস্ট, ২০২৪ শিক্ষক ও নাগরিক সমাজের অংশগ্রহণে 'বিক্ষুব্ধ নাগরিক সমাজ' যে কর্মসূচি পালন করে- দ্রোহযাত্রা।
- ৩ আগস্ট, ২০২৪ শহীদ মিনার থেকে শেখ হাসিনার পদত্যাগের এক দফা দাবি ঘোষণা করেন- মো. নাহিদ ইসলাম।
- ২৩-৩০ নভেম্বর, ২০২৪ পর্যন্ত বিশ্বব্যাংকের আয়োজনে জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের দেয়াল চিত্র নিয়ে যে প্রদর্শনী হয়, তার শিরোনাম- Paint the Sky, Make it Yours; Future Bangladesh in the eyes of the youth.
- যে বিশ্ববিদ্যালয় তাদের সব বিভাগে 'বাংলাদেশ স্টাডিজ' নামক কোর্সে 'জুলাই অভ্যুত্থানের' ইতিহাস অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেয়- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
- নতুন পাঠ্যবইয়ের 'উইমেন'স রোলস ইন আপরাইজিং' যে বিষয়ের ওপর লেখা নিবন্ধ- জুলাই বিপ্লব।
- কোটা সংস্কার আন্দোলন নিয়ে প্রতিবাদী 'আওয়াজ উডা' হিপ হপ সঙ্গীতের গীতিকার ও কণ্ঠশিল্পী- র‍্যাপার হান্নান হোসাইন শিমুল।
- July Protest.com হলো- ছাত্র-জনতার বিপ্লব সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে ওয়েব অ্যাপ্লিকেশন।
- 'জুলাই অনির্বাণ' হলো- ছাত্র-জনতার অভ্যুত্থান ও আত্মত্যাগ নিয়ে নির্মিত ভিডিওচিত্র।
- 'আসছে ফাল্গুনে আমরা কিন্তু দ্বিগুণ হবো' উক্তিটি যে উপন্যাসের- আরেক ফাল্গুন (রচয়িতা- জহির রায়হান)।
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূস জো বাইডেনকে যে উপহার দেন- দ্য আর্ট অব ট্রায়াম্ফ' নামের গ্রাফিতি।
- রক্তস্নাত জুলাই বিপ্লব- বৈষম্যবিরোধী আন্দোলনের স্মৃতি সংরক্ষণের ১০ খণ্ডের স্থিরচিত্রের অ্যালবাম। অ্যালবামে আন্দোলনের বিভিন্ন পর্যায়ে গণমাধ্যমে প্রকাশিত ছবি ক্যাপশনসহ সংবাদের সংকলন সন্নিবেশ করা হয়।
- বিদ্রোহে-বিপ্লবে : ছাত্র-জনতার অভ্যুত্থান ২০২৪- রেদওয়ান রনি ও সালেহ সোবহান অনীম নির্মিত ছাত্র-জনতার অভ্যুত্থানের উত্তাল দিনের বীরত্বগাথা সম্পর্কিত তথ্যচিত্র।
- Graffiti of Revolution : Bangladesh 2024- the story of a Mass Uprising Through Art- জুলাই-আগস্ট বিপ্লব ও গণঅভ্যুত্থান নিয়ে আবু জাফর জুবায়ের সম্পাদিত গ্রন্থ।

## গণভবন, বঙ্গভবন ও যমুনা

### গণভবন এখন জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর

- 'গণভবন'কে জাদুঘরে রূপান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়- ৫ সেপ্টেম্বর, ২০২৪।
- 'গণভবন' এর নামকরণ করা হয়- জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর।
- অবস্থান- শেরে বাংলা নগর, ঢাকা।
- জাদুঘরে থাকবে- শেখ হাসিনার শাসনামলের গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গণঅভ্যুত্থানের ৩৬ দিনের ঘটনা, শহিদদের তালিকা, স্মৃতিসহ নানা বিষয়।
- পূর্বে ভবনটি ছিল- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন।



জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর

#### যমুনা

- পরিচয়- রাষ্ট্রীয় অতিথি ভবন।
- বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন ও কার্যালয়।
- অবস্থান- ঢাকার মিন্টো রোডে।

#### বঙ্গভবন

- পরিচয়- রাষ্ট্রপতির সরকারি বাসভবন ও কার্যালয়।
- অবস্থান- দিলকুশা, ঢাকা।

CamScanner

# বহির্বিশ্বে বাংলাদেশ

## বিশ্বমঞ্চে ড. মুহাম্মদ ইউনূস

- Nature সাময়িকীর প্রতিবেদনে ড. ইউনূসকে আখ্যায়িত করা হয়- The Revolutionary Economist হিসেবে।
- Fortune ম্যাগাজিন সময়ের অন্যতম শ্রেষ্ঠ উদ্যোক্তা হিসেবে আখ্যায়িত করে- ড. মুহাম্মদ ইউনূসকে।
- রয়্যাল ইসলামিক স্ট্র্যাটেজিক সেন্টার (RISS)-এর প্রভাবশালী ৫০০ মুসলিম এর তালিকায় ড. মুহাম্মদ ইউনূস- ৫০তম।
- ২০২৪ সালের সাইন্টিফিক ডেভেলপমেন্ট-এর অগ্রদূত হিসেবে ন্যাচারস ১০-এ জায়গা করে নেয়- ড. ইউনূস।
- যুক্তরাষ্ট্রের যে অঙ্গরাজ্যে ১৪ জানুয়ারিকে 'ড. মুহাম্মদ ইউনূস দিবস' হিসেবে ঘোষণা করা হয়- টেক্সাস।
- 'জাতীয় ঐকমত্য গঠন কমিশন'-এর চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।
- ২৪ সেপ্টেম্বর, ২০২৪ অন্তর্বর্তীকালীন সরকার প্রধান হিসেবে ড. ইউনূসের প্রথম বিদেশ সফর- জাতিসংঘ সদর দপ্তর।
- ড. ইউনূস মালয়েশিয়ার আলবুখারি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি'র চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করছেন -২০২০ - বর্তমান।
- ড. ইউনূস বিশ্ব অর্থনৈতিক ফোরাম-এ সামাজিক ব্যবসার ৭টি মূলনীতি ঘোষণা করেন- ২০০৯ সালে।
- বাংলাদেশে প্রথম সামাজিক ব্যবসা চালু করে- গ্রামীণ ড্যানোন (পণ্য- শক্তি দই)।

## GlobE Network এর সদস্য বাংলাদেশ

- **পরিচয়-** দুর্নীতিবিরোধী জাতিসংঘের নতুন প্ল্যাটফর্ম।
- **পূর্ণরূপ-** Global Operational Network of Anti-Corruption Law Enforcement Authorities.
- **প্রতিষ্ঠা-** ২০২১; **সদর দপ্তর-** ভিয়েনা, অস্ট্রিয়া; **গঠনে অর্থায়ন করে-** সৌদি আরব।
- **সদস্য রাষ্ট্র-** ১২৪টি; বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন (দুদক) সদস্য হয়- ১ মার্চ, ২০২৪।
- **উদ্দেশ্য-** বিদেশে অর্থ পাচারকারীদের সহজে চিহ্নিতকরণ ও অর্থ পাচার প্রতিরোধ।

## GCSJ এর সদস্য বাংলাদেশ

- GCSJ এর পূর্ণরূপ- Global Coalition for Social Justice.
- গঠিত হয়- আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) উদ্যোগে গঠিত।
- বাংলাদেশ সদস্যপদ লাভ করে- ১৩ জুন, ২০২৪ (৭৩তম)।
- উদ্দেশ্য- বিশ্বব্যাপী সামাজিক ন্যায়বিচার ও ন্যায্যতার ঘাটতি পূরণ করে SDG বাস্তবায়ন করা।

## জাতিসংঘের যে সকল সংস্থায় নির্বাচিত বাংলাদেশ

| সংস্থা | বাংলাদেশের পদ | মেয়াদ |
|---|---|---|
| জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল (UNHRC) | ভাইস প্রেসিডেন্ট | ২০২৫ সাল |
| বাংলাদেশ আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) | গভর্নিং বডির পূর্ণ সদস্য | ২০২৪-২৭ |
| এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ECOSOC) | সদস্য | ২০২৫-২৭ |



## জাতিসংঘে মুহাম্মদ আবদুল মুহিত

- ২০২৫-২০২৮ মেয়াদে আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশনের (ICSC) সদস্য নির্বাচিত হন।
- জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনের দ্বিতীয় কমিটির চেয়ার নির্বাচিত হন।
- ২০২৪ সালের জন্য UNDP, UNFPA এবং UNOPS-এর নির্বাহী বোর্ডের সভাপতি নির্বাচিত হন।

CamScanner

# জনশুমারি ও গৃহগণনা ২০২২ : চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ

• প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করে: ২৭ জুলাই, ২০২২ • চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করে (ভলিউম-১): ১৫ নভেম্বর, ২০২৩
• সর্বশেষ বা ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা হয়: ১৫-২১ জুন, ২০২২ • গণনা পদ্ধতি: মোডিফাইড ডি-ফ্যাক্টো।
• বিশেষ বৈশিষ্ট্য: প্রথমবারের মতো ডিজিটাল পদ্ধতিতে গণনা করা হয় [এ জনশুমারিতে Geographic Information System (GIS) ভিত্তিক ডিজিটাল ম্যাপ ব্যবহার করা হয়]।

## এক নজরে চূড়ান্ত প্রতিবেদন

- জনসংখ্যা- ১৬ কোটি ৯৮ লক্ষ ২৮ হাজার ৯১১ জন।
- জনসংখ্যা বৃদ্ধির হার- ১.১২%।
- জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটারে)- ১,১১৯ জন।
- নারী ও পুরুষের অনুপাত যথাক্রমে- ১০০ : ৯৮.০৭।
- জনসংখ্যার শহর ও পল্লীতে বসবাসের অনুপাত- ৩১.৬৬ : ৬৮.৩৪।
- সবচেয়ে বেশি সংখ্যক জনসংখ্যা- ১৫ - ১৯ বছর বয়সী।
- ধর্মভিত্তিক জনসংখ্যায় শীর্ষ- মুসলিম (৯১.০৫%); ২য় শীর্ষ- হিন্দু।
- নির্ভরশীলতা অনুপাত- ৫২.৬৩।
- সবচেয়ে বেশি মানুষ কাজ করে- সেবা খাতে।
- স্বাক্ষরতার হার (৭ বছর বা তদূর্ধ্ব)- ৭৪.৮০%।
- স্বাক্ষরতার হার পুরুষ ও নারী যথাক্রমে- ৭৬.৭১% ও ৭২.৯৪%।
- খানার গড় আকার- ৩.৯৮ (খানার সংখ্যা- ৪,১০,০৮,২১৭)।
- সর্বোচ্চ সংখ্যক খানা অবস্থিত- ঢাকায় (সর্বনিম্ন- সিলেটে)।
- সর্বাধিক প্রবাসী আয় গ্রহণকারী খানার অবস্থান- চট্টগ্রামে।
- যে মন্ত্রণালয়ের অধীনে জনশুমারি অনুষ্ঠিত হয়- পরিকল্পনা মন্ত্রণালয়।
- জনশুমারি পরিচালনা করে- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)।
- প্রথমবারের মতো গণনায় যুক্ত করা হয়- প্রবাসীদের।



জনশুমারি ও গৃহগণনা ২০২২
১৫-২১ জুন

প্রথমবারের মতো ডিজিটাল পদ্ধতিতে জনশুমারি হয়



পুরুষ
৮,৪১,৩৪,০০৩ জন
মোট জনগোষ্ঠীর পুরুষ ৪৯.৫৪%



নারী
৮,৫৬,৮৬,৭৮৪ জন
মোট জনগোষ্ঠীর নারী ৫০.৪৫%

## জনসংখ্যায় বিভাগ, জেলা ও উপজেলাভিত্তিক পরিসংখ্যান: শীর্ষ ও নিম্ন

| পরিসংখ্যান | শীর্ষ বিভাগ | সর্বনিম্ন বিভাগ | শীর্ষ জেলা | সর্বনিম্ন জেলা |
|---|---|---|---|---|
| জনসংখ্যায় | ঢাকা | বরিশাল | ঢাকা | বান্দরবান |
| জনসংখ্যার বৃদ্ধির হার | ঢাকা | বরিশাল | গাজীপুর | ঝালকাঠি |
| জনসংখ্যার ঘনত্ব | ঢাকা | বরিশাল | ঢাকা | রাঙ্গামাটি |
| মুসলিম জনসংখ্যায় | ঢাকা | বরিশাল | ঢাকা | রাঙ্গামাটি |
| খ্রিস্টান জনসংখ্যায় | ঢাকা | বরিশাল | ঢাকা | শরীয়তপুর |
| হিন্দু জনসংখ্যায় | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | মেহেরপুর |
| সাক্ষরতার হার (৭+ বছর) | ঢাকা | ময়মনসিংহ | পিরোজপুর | জামালপুর |
| লিঙ্গানুপাত | ঢাকা | চট্টগ্রাম | ঢাকা | ব্রাহ্মণবাড়িয়া |

| পরিসংখ্যান | শীর্ষ উপজেলা | সর্বনিম্ন উপজেলা |
|---|---|---|
| জনসংখ্যায় | সাভার (ঢাকা) | জুরাছড়ি (রাঙ্গামাটি) |
| সাক্ষরতায় | নেছারাবাদ (পিরোজপুর) | রুমা (বান্দরবান) |

CamScanner

## জনশুমারিতে দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

- দেশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা- ৫০টি।
- মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনসংখ্যা- ১৬ লক্ষ ৫০ হাজার ৪৭৮ জন।
- পুরুষ ও নারীর অনুপাত যথাক্রমে- ৪৯.৯৮ : ৫০.০২।
- দেশের বৃহত্তম ৩ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী-
  **১ম**- চাকমা (৪ লক্ষ ৮৩ হাজার ৩৬৫ জন)।
  **২য়**- মারমা; **৩য়**- ত্রিপুরা।
- দেশের ক্ষুদ্রতম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী- ভিল (৯৫ জন)।



ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনসংখ্যার অর্ধেকের চেয়েও বেশি অর্থাৎ সর্বাধিক বাস করে চট্টগ্রামে (৬০.০৪%)।

| পরিসংখ্যান | শীর্ষ বিভাগ | সর্বনিম্ন বিভাগ | শীর্ষ জেলা | সর্বনিম্ন জেলা |
|---|---|---|---|---|
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসে | চট্টগ্রাম | বরিশাল | রাঙ্গামাটি | লালমনিরহাট |

## উল্লেখযোগ্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসবাসে শীর্ষ জেলা

| নৃ-গোষ্ঠী | বসবাসে শীর্ষ জেলা | নৃ-গোষ্ঠী | বসবাসে শীর্ষ জেলা | নৃ-গোষ্ঠী | বসবাসে শীর্ষ জেলা |
|---|---|---|---|---|---|
| চাকমা | রাঙামাটি | মারমা | বান্দরবান | মণিপুরী* | মৌলভীবাজার |
| পাংখোয়া | রাঙামাটি | খুমী | বান্দরবান | খাসিয়া | মৌলভীবাজার |
| তঞ্চঙ্গা | রাঙামাটি | বম | বান্দরবান | পাত্র | সিলেট |
| ত্রিপুরা | খাগড়াছড়ি | খিয়াং | বান্দরবান | হাজং | নেত্রকোণা |
| রাখাইন | কক্সবাজার | ওরাওঁ | নওগাঁ | গারো | ময়মনসিংহ |
| সাঁওতাল | দিনাজপুর | মুন্ডা | নওগাঁ | ভিল | যশোর |

*[*] ভাষাগত এবং ধর্মীয় ভিন্নতার কারণে বাংলাদেশের মণিপুরীরা তিনটি শাখায় বিভক্ত এবং স্থানীয়ভাবে তারা বিষ্ণুপ্রিয়া, মৈতৈ ও পাঙন নামে পরিচিত। মণিপুরীদের মধ্যে ইসলাম ধর্মের অনুসারী সম্প্রদায়টি 'পাঙন' বা 'মণিপুরী মুসলিম' হিসেবে পরিচিত।*

## অর্থনৈতিক শুমারি-২০২৪

- চতুর্থ অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়- ১০-২৬ ডিসেম্বর, ২০২৪।
- ক্যাপি- এবারই প্রথম ট্যাবের মাধ্যমে এই পদ্ধতিতে শুমারির তথ্য সংগ্রহ করা হয়।
- দেশের প্রথম অর্থনৈতিক শুমারি হয়- ১৯৮৬ সালে।

## GDP'র সাময়িক হিসাব ২০২৩-২৪ *[তথ্য- BBS]*

| খাতসমূহ | অবদানের হার | প্রবৃদ্ধির হার |
|---|---|---|
| কৃষি | ১১.০২ | ৩.২১ |
| শিল্প | ৩৭.৯৫ | ৬.৬৬ |
| সেবা | ৫১.০৪ | ৫.৮০ |

**GDP'র প্রবৃদ্ধির হার ৫.৮২% **মাথাপিছু GDP ২৬৭৫ মার্কিন ডলার **মাথাপিছু GNI ২৭৮৪ ডলার

## GDP'তে প্রবৃদ্ধির হার ও অবদান ২০২৩-২৪ *[অর্থনৈতিক সমীক্ষা-২০২৪]*

| ক্ষেত্র | প্রবৃদ্ধির হার | কৃষি | শিল্প | সেবা |
|---|---|---|---|---|
| প্রবৃদ্ধির হার | ৫.৮২ | ৩.২১ | ৬.৬৬ | ৫.৮০ |
| অবদান | ১০০ | ১১.০২ | ৩৭.৯৫ | ৫১.০৪ |
| শ্রমশক্তি ও কর্মসংস্থান | ১০০ | ৪৫.০০ | ১৭.০০ | ৩৮.০০ |

**২০০৫-০৬ ভিত্তিবছরে GDP খাত ছিল ১৫টি। **২০১৫-১৬ ভিত্তিবছর থেকে GDP খাত ১৯টি।

CamScanner

## বিভিন্ন দেশের বর্তমান প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি

| দেশ | প্রেসিডেন্ট | প্রধানমন্ত্রী |
|---|---|---|
| বাংলাদেশ | মো. সাহাবুদ্দিন (২২তম) | ড. মুহাম্মদ ইউনূস (প্রধান উপদেষ্টা) |
| ভারত | দ্রৌপদী মুর্মু (২য় নারী) | নরেন্দ্র মোদী (টানা ৩য় বার) |
| পাকিস্তান | আসিফ আলী জারদারি (১৪তম) | শাহবাজ শরীফ (২৪তম) |
| শ্রীলঙ্কা*** | অনূঢ়া কুমারা দিশানায়েকে (জাঠিকা জানা বালাওয়েগয়া) | হরিণী আমারাসুরিয়া |
| সিঙ্গাপুর | থারমান শানমুগারাতনাম | লরেন্স ওং |
| ইরান | মাসুদ পেজেশকিয়ান | সুপ্রিম লিডার- আয়াতুল্লাহ আলী খামেনি |
| ফিলিস্তিনি কর্তৃপক্ষ | মাহমুদ আব্বাস | মোহাম্মদ মুস্তাফা |
| চীন | শি জিনপিং | লি কিয়াং |
| ফ্রান্স | ইমানুয়েল ম্যাক্রো (সর্বকনিষ্ঠ) | ফ্রাঁসোয়া বাইরু (সর্বকনিষ্ঠ) |
| রাশিয়া | ভ্লাদিমির পুতিন (৫ম বারের মতো) | মিখাইল মিশুস্তিন |
| ইউক্রেন | ভলোদিমিয়ের জেলেনস্কি | ডেনিস স্মিগাল |

## গুরুত্বপূর্ণ দেশের প্রেসিডেন্ট

| | |
|---|---|
| মালদ্বীপ | মোহামেদ মুইজ্জু (দল- প্রোগ্রেসিভি পার্টি অব দ্য মালদ্বীপ) |
| ইন্দোনেশিয়া | প্রাবোও সুবিয়ান্তো (দল- গেরিন্ড্রা পার্টি) |
| তুর্কিয়ে | রিসেপ তাইয়েপ এরদোয়ান |
| তাইওয়ান | লাই চিং-তে (দল- ডেমোক্রেটিক প্রগ্রেসিভ পার্টি) |
| দক্ষিণ কোরিয়া | চৈ সাং-মোক |
| অস্ট্রিয়া | আলেকজান্ডার শ্যালেনবার্গ (চ্যান্সেলর) |
| জার্মানি | ওলাফ শলৎস (চ্যান্সেলর) |
| জর্জিয়া*** | মিখাইল কাভেলাশভিলি (ফুটবলার ছিলেন) |
| ব্রাজিল | লুইজ ইনাসিও লুলা দা সিলভা |
| আর্জেন্টিনা | জাভিয়ের মিলেই (দল- লিবার্টি এডভান্সেস) |
| মেক্সিকো*** | ক্লডিয়া শেনবাউম (জলবায়ুবিজ্ঞানী); প্রথম নারী প্রেসিডেন্ট |
| ডোমিনিকা | সিলভানি বার্টন (প্রথম নারী এবং প্রথম আদিবাসী প্রেসিডেন্ট) |
| নামিবিয়া*** | নেতুম্বো নান্দি-এনদাইতওয়া (প্রথম নারী প্রেসিডেন্ট) |


নামিবিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট নেতুম্বো নান্দি এনদাইতওয়া

## গুরুত্বপূর্ণ দেশের প্রধানমন্ত্রী

| | |
|---|---|
| থাইল্যান্ড*** | পেতংতার্ন সিনাওয়াত্রা (সর্বকনিষ্ঠ ও ২য় নারী প্রধানমন্ত্রী) |
| মালয়েশিয়া | আনোয়ার ইব্রাহিম |
| জাপান*** | শিগেরু ইশিবা (দল- লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি) |
| যুক্তরাজ্য*** | স্যার কিয়ার স্টারমার (লিবারেল পার্টি) |
| কানাডা | জাস্টিন ট্রুডো |
| ইতালি | জর্জিয়া মেলোনি (১ম নারী প্রধানমন্ত্রী) |
| ইসরাইল | বেনিয়ামিন নেতানিয়াহু (দীর্ঘকালীন প্রধানমন্ত্রী; দল- লিকুদ পার্টি) |
| স্লোভাকিয়া | রবার্ট ফিচো (রুশপন্থী); দল- ডিরেকশন-সোশ্যাল ডেমোক্রেসি |
| আইসল্যান্ড | ক্রিস্টরান ফ্রস্টেডত্তির |


থাইল্যান্ডের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী পেতংতার্ন সিনাওয়াত্রা

## সংস্থার নতুন মুখ

| সংস্থার নাম | পদবি | নাম | দেশ |
|---|---|---|---|
| UN (জাতিসংঘ) | মহাসচিব | অ্যান্তোনিও গুতেরেস (৯ম) | পর্তুগাল |
| জাতিসংঘের সাধারণ পরিষদ | প্রেসিডেন্ট | ফিলেমন ইয়াং | ক্যামেরুন |
| জাতিসংঘ মানবাধিকার বিষয়ক | হাইকমিশনার | ভলকার তুর্ক | অস্ট্রিয়া |
